গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর–১২৭

**সমন্বয় সভায় বিভাগীয় কমিশনার**
**শীতের কম্বল ফেব্রুয়ারিতে দিয়ে লাভ নেই**

রাজশাহী; ১১ কার্তিক (২৭ অক্টোবর)ঃ

রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেছেন, শীতের কম্বল ফেব্রুয়ারি মাসে দিয়ে লাভ নেই। কম্বলের সঠিক ব্যহারের জন্য আগেভাগে দিতে হবে। সমন্বয়ের মাধ্যমে উপজেলা পর্যায়ে শীতের কাপড় বিতরণ করতে হবে।

আজ (২৭ অক্টোবর) বিকালে বিভাগীয় কমিশনার তাঁর সম্মেলন কক্ষে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় সভাপতির বক্তৃতায় জেলা প্রশাসকদের উদ্দেশে এসব কথা বলেন।

সভায় সার সংকট বিষয়ে সকালে খাদ্য উপদেষ্টাকে করা সাংবাদিকদের প্রশ্নের বিষয়ে কৃষি দপ্তরের কাছে জানতে চাইলে কৃষি দপ্তর থেকে জানানো হয়, সারের কোনো ঘাটতি নেই। গত বছর এই সময়ের তুলনায় এবছর সারের সরবরাহ বেশি আছে। তবে কোনো কোনো কৃষক ভর্তুকির সার পরবর্তী ফসলের জন্য মজুদ করছে যা ন্যায়সঙ্গত নয়।

এসময় পাবনার জেলা প্রশাসক গত বছর প্রণোদনার পেঁয়াজের বীজের নিম্নমানের বিষয়টি উল্লেখ করে এবার যেন এ সমস্যা না হয় সেজন্য কৃষি দপ্তরকে সতর্ক থাকার অনুরোধ করেন।

অনেক কৃষক জমিতে প্রয়োজনের অতিরিক্ত সার দেয়। আবার চাষিরা হিসাব না করেই চাহিদার অতিরিক্ত আলু চাষ করেছে- এমন তথ্য জানিয়ে জয়পুরহাট জেলা প্রশাসক প্রণোদনা হিসেবে চাষীকে প্রশিক্ষণ দেওয়ার প্রস্তাব রাখেন।

এসময় বিভাগীয় কমিশনার কীটনাশক কোম্পানিগুলো সঠিক ওষুধ দিচ্ছে কিনা তা মনিটরিং করতে কৃষি দপ্তরের কর্মকর্তাদের অনুরোধ জানান।

স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সভাকে জানানো হয়েছে, রাজশাহী বিভাগে টাইফয়েড টিকার লক্ষ্যমাত্রার ৫১ শতাংশ দেয়া হয়ে গেছে। বিভাগীয় কমিশনার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অনিয়মিত পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ দ্রুততার সাথে শেষ করতে স্বাস্থ্য বিভাগকে নির্দেশ দেন।

সমাজসেবা দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, সামাজিক নিরাপত্তার আওতায় বিভিন্ন ভাতার জন্য আবেদন গ্রহণ শুরু হয়েছে। ৬ নভেম্বর পর্যন্ত এ আবেদন করা যাবে। আগ্রহীদের দ্রুততার সাথে আবেদন করার জন্য অনুরোধ জানানো হয়।

ভোটের জন্য রাজশাহী নির্বাচন দপ্তর প্রস্তুত বলে জানিয়েছে নির্বাচন দপ্তরের প্রতিনিধি। এ দপ্তরের পক্ষ থেকে জানানো হয়, রাজশাহীতে ভোটগ্রহণ কেন্দ্র চূড়ান্ত হয়েছে। রাজশাহীতে মোট ভোটকেন্দ্র ৫ হাজার ৫০৪টি যার মধ্যে ২টি অস্থায়ী।

সভার শেষ পর্যায়ে বিভাগীয় কমিশনার সকলের উদ্দেশে জানান, রাজশাহীর শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত যেকোনো জেলার শিক্ষার্থী এবং দেশের অন্য জেলার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রাজশাহীর গরিব ও মেধাবী

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

শিক্ষার্থীদের জন্য রাজশাহী সিটি কর্পোরেশন থেকে বৃত্তি চালু করা হয়েছে। বছরের যেকোনো সময় এর জন্য আবেদন করা যাবে। তিনি আরও জানান, আগামী জুম্মার নামাজের মাধ্যমে রাজশাহী কেন্দ্রীয় উদ্যানের মসজিদের উদ্বোধন করা হবে।

বিভাগের সকল জেলা প্রশাসক এবং বিভাগীয় দপ্তর প্রধানগণ সভায় উপস্থিত ছিলেন।

.................................................................

তৌহিদ/আতিক/স্মিতা/রুহুল/হালিম/২০২৫/১৫.১০ ঘ.